



Friday, 09 December, 2011 1:13:41 PM

## দ্বিতীয় ফিজিক্স অলিম্পিয়াড জানুয়ারিতে

নিজস্ব প্রতিবেদক

বার্তা২৪ ডটনেট

ঢাকা, ৯ডিসেম্বর: জানুয়ারিতে শুরু হচ্ছে 'বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াড-২০১২'। বাংলাদেশ পদার্থ বিজ্ঞান অলিম্পিয়াড কমিটির আয়োজনে দেশের স্কুল কলেজ ও প্রাক বিশ্ববিদ্যালয় পর্যায়ের শিক্ষার্থীরা এতে অংশ নেবে। শুক্রবার জাতীয় প্রেস ক্লাবে আয়োজিত এক সংবাদ সম্মেলনে আয়োজক কমিটি এ কথা জানায়।

শিক্ষার্থীদের মধ্যে বিজ্ঞানের ব্যাপক চর্চার লক্ষ্যে অনুষ্ঠেয় এ অলিম্পিয়াডের বিভিন্ন রাউন্ডে পরীক্ষা, কুইজ প্রতিযোগিতা, রিপোর্ট ও প্রজেক্ট উপস্থাপন, সেমিনারসহ ভিডিও শো উপস্থাপন করা হবে।

দেশের সাতটি বিভাগে জানুয়ারি মাস জুড়ে এ আয়োজন চলবে। প্রতিযোগিতায় বিজয়ী পাঁচজন ফেব্রুয়ারিতে এস্তোনিয়ার তাল্লিনে অনুষ্ঠেয় 'ইন্টারন্যাশনাল ফিজিক্স অলিম্পিয়াড-২০১২'এ অংশ নেয়ার সুযোগ পাবেন।

সংবাদ সম্মেলনে জানানো হয়, এ অলিম্পিয়াডে আগ্রহীরা মোবাইলে এসএমএস'র মাধ্যমে নাম রেজিস্ট্রেশন করতে পারবেন। এর জন্য মোবাইলের মেসেজ অপশনে নিজের নাম স্পেস জন্মতারিখ স্পেস শিক্ষা প্রতিষ্ঠানের নাম স্পেস শ্রেণী স্পেস যোগাযোগের নম্বর লিখে মেসেজ পাঠাতে হবে। তবে ঢাকার শিক্ষার্থীদের ০১৭২২-৯৯৪৬৭৭, চট্টগ্রামের শিক্ষার্থীদের ০১৭৫৪-২৯০১০০, রংপুরের শিক্ষার্থীদের ০১৮৩৩-০৭২২৭২, সিলেটের শিক্ষার্থীদের ০১৫৫২-৪৯৭৭৮৪ নম্বরে মেসেজ পাঠাতে হবে।

রেজিস্ট্রেশনের পর প্রতি বিভাগ থেকে সাড়ে সাতশ' শিক্ষার্থী আমন্ত্রণ পাবেন অডিশন পর্বে।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াডের চেয়ারম্যান ঢাকা বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের প্রফেসর খোরশেদ আহমেদ কবির, ভাইস চেয়ারম্যান, প্রফেসর ড. জাফর ইকবাল, প্রফেসর ড. ইয়াসমিন হক, বাংলাদেশ ফিজিক্স অলিম্পিয়াডের কোচ ড. আরশাদ মোমেন, অধ্যাপক জাহিদ হাসান মাহমুদ, নর্থ সাউথ ইউনিভার্সিটির শিক্ষক ড. কাজী আবু সাইদ, বুয়েটের ড. ফারসিম মান্নান মোহাম্মাদী, অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক ফয়েজ আহম্মদ জাহাঙ্গীর মাসুদ ও সদস্য আফরোজ আল মামুন।

বার্তা২৪ ডটনেট/এমইউএস/এআর

Print